# ৯

# ক্রুশ ও মণ্ডলী

যাহারা নতুন নিয়মের বিষয়ে জানেন যে, যীশু আমাদের পাপের জন্য মূল্য দিয়েছেন তাহারা একমত হবেন যে, "খ্রীষ্ট বিহীন ক্রুশ যেমন; ক্রুশ বিহীন খ্রীষ্ট তেমনই পাপীদের উদ্ধারের জন্য শক্তি বিহীন।" যাই হোক, সু-সমাচারের মঙ্গল বার্তা হল যে, খ্রীষ্ট, ঈশ্বরের অভিষিক্ত জন, তাঁহার দৈহিক জীবন আমাদের জন্য ক্রুশে দান করলেন আমাদের পাপের জন্য (১করি ১৫:৩)।

বাইবেলের কাহিনীর কেন্দ্র হল ঈশ্বরের পুত্র মানুষের জন্য নিজেকে ক্রুশে বলিকৃত করলেন। পুরাতন নিয়মের পৃষ্ঠার ভাববানী নতুন নিয়মের পৃষ্ঠায় ঐতিহাসিক আবির্ভাবের বর্ণনা খ্রীষ্টের রক্তের সাথে ফোঁটায় ফোঁটায় ঝরে। হেনরী সি. থেইসেন হিসাব করেছিলেন যে যীশুর জীবনের শেষ তিন দিন ছিল সু-সমাচারের ৫ ভাগের একভাগ জুড়ে। যীশুর তিন বছরের প্রকাশ্য প্রচার যদি তাঁহার মৃত্যুর মত বিস্তারিত ভাবে লেখা হত তবে সু-সমাচার ৮৪০০ পৃষ্ঠার পুস্তক হত।[1] আর এ. টোরে হিসেব করে দেখেছেন যে, নতুন নিয়মে প্রত্যেক ৫৩ পদের মধ্যে একবার করে নির্দিষ্ট ভাবে খ্রীষ্টের মৃত্যুর কথা উল্লেখ রয়েছে।[2] পৃথিবীতে খ্রীষ্টিয়ানত্বই হল একমাত্র ধর্ম যাহাতে পাপের জন্য ঐশ্বরিক বলি উৎসর্গ করা হয়েছে এবং সেই উৎসর্গের মৃত্যু হতে পুনরুত্থান হয়েছে।

---

[1]Henry C. Thiessen, *Lectures in Systematic Theology* (Grand Rapids, Mich.: Wm. B. Eerdmans Publishing Co., 1949), 313.
[2]R. A. Torrey, *What the Bible Teaches* (New York: Fleming H. Revell Co., 1898), 144.

পাপ ও পাপীদের অপরাধ এবং ঈশ্বর বিহীনতার, পৃথককৃত ও যন্ত্রণার এই পৃথিবীতে ক্রুশ হল পরিত্রাণের জন্য ঈশ্বরের শক্তি; পৃথিবীর মহা সংকটে উহা হল ঐশ্বরিক প্রতিকার। আমাদের পাপের জন্য তিনি হলেন প্রায়শ্চিত্ত বলি স্বরূপ- উহা হল, যিনি আমাদের ভুলের জন্য মূল্য দিয়ে আমাদের জন্য সব কিছু সঠিক করে দিয়েছেন। লেখা আছে যে, "কারণ সেই ক্রুশের কথা, যাহারা বিনাশ পাইতেছে, তাহাদের কাছে মূর্খতা, কিন্তু পরিত্রাণ পাইতেছি যে আমরা, আমাদের কাছে তাহা ঈশ্বরের পরাক্রমস্বরূপ" (১করি ১:১৮); এবং "আর তিনিই আমাদের পাপার্থক প্রায়শ্চিত্ত, কেবল আমাদের নয়, কিন্তু সমস্ত জগতেরও পাপার্থক" (১যোহন ২:২)।

আমাদের আধ্যাত্মিক মতানৈক্যে, ঈশ্বর হতে পৃথক এবং ঈশ্বরের সাথে অমিলের জন্য, ক্রুশ হল ঈশ্বরের শান্তি এবং পুনর্মিলনের উপায়। পৌল লিখেছেন, "তাঁহার ক্রুশের রক্ত দ্বারা সন্ধি করিয়া, তাঁহার দ্বারা যেন আপনার সহিত কি স্বর্গস্থিত, কি মর্ত্যস্থিত, সকলই সম্মিলিত করেন, তাঁহার দ্বারাই করেন" (কল ১:২০), এবং ইফিষীয় ২:১৪-১৬ পদে বলেন যে, "কেননা তিনিই আমাদের সন্ধি; তিনি উভয়কে এক করিয়াছেন, এবং মধ্যবর্তী বিচ্ছেদের দেওয়াল ভাঙ্গিয়া ফেলিয়াছেন, ... ঈশ্বরের সহিত উভয় পক্ষের মিলন করিয়া দেন।"

যেখানে আধ্যাত্মিকতার ক্ষুধা ও দারিদ্রতা পর্যাপ্ত পরিমাণে, সেখানে ঈশ্বর সম্পূর্ণ উদ্ধারের ব্যবস্থা করেন। ক্রুশের পাদদেশে ধার্মিকতার অসীম ধন বিনামূল্যে দেয়া হয়েছে। পৌল বলেছেন, "কিন্তু আমরা ক্রুশে হত খ্রীষ্টকে প্রচার করি ..." (১করি ১:২৩)। তিনি আরও বলেছেন যে ক্রুশে হত খ্রীষ্ট, "হইয়াছেন আমাদের জন্য ঈশ্বর হইতে জ্ঞান-ধার্মিকতা ও পবিত্রতা এবং মুক্তি" (১করি ১:৩০)।

কোন সন্দেহ নেই যে, খ্রীষ্টের ক্রুশ হল কেন্দ্র বিন্দু যাহার উপরে পবিত্র আত্মা আলো ছড়াচ্ছেন, উহাই পবিত্র বাইবেলের কেন্দ্রীয় বানী।

কারণ উদ্ধারের অন্যান্য সত্যের সাথে ক্রুশ মিলেমিশে আছে, একজন এমন প্রত্যাশা করতে পারে যে, সূর্যালো হতে সুস্থকারী রশ্মি যেভাবে প্রবাহিত হয়, ঝর্না হতে যেমন স্রোত প্রবাহিত হয়, অনুরূপ মণ্ডলী ক্রুশ হতে প্রবাহিত হয়েছে। সতর্কভাবে নতুন নিয়ম অধ্যয়ন

নিশ্চিত করে যে এটাই সত্য। খ্রীষ্ট এবং তাঁহার মণ্ডলী বাদ দিয়ে খ্রীষ্টিয়ানত্ব হতে পারে না; যুক্তি সঙ্গত চিন্তা আমাদের বলে দেয় যে মস্তক বিহীন মানব হতে পারে না। নতুন নিয়মের আক্রমণাত্মক দিক হল যে ক্রুশ এবং মণ্ডলী অঙ্গাঙ্গীভাবে জড়িত, একই পরিকল্পনায় যুক্ত, পাপী মানবের জন্য ঈশ্বরের অনুগ্রহ দানের মত। পৃথিবীর সকল জাতির মধ্য থেকে একটি নতুন পরিবার হতে ঈশ্বর ক্রুশের দ্বারা আহ্বান জানাচ্ছেন– খ্রীষ্টে এক দেহ হতে– তাঁহার মনোনীত জাতি হতে।

আসুন আমরা এই বিষয় নিয়ে আরও আলোচনা করিঃ ক্রুশের সাথে মণ্ডলী কিভাবে যুক্ত? মণ্ডলী এবং ক্রুশের সাথে একে অপরের সম্পর্ক কি? মণ্ডলীর জন্য ক্রুশ কি করে?

## ইহার দ্বারা সৃষ্ট

প্রথমত, ক্রুশ মণ্ডলী সৃষ্টি করেছে। মণ্ডলী পাপীদের উদ্ধারের মাধ্যমে মিলেমিশে যায়। যদি ক্রুশ না থাকত, তবে মণ্ডলীও হত না।

খ্রীষ্টকে ঈশ্বরের পুত্র ও উদ্ধার কর্তা হিসেবে বাধ্যতার বিশ্বাসে যখন যে কেহ সাড়া দেয়, খ্রীষ্টের রক্তের মাধ্যমে তাহার সমস্ত পাপ ধৌত হয়ে যায় (প্রেরিত ২২:১৬)। ঐভাবে ধৌত হবার মাধ্যমে, তিনি উদ্ধার প্রাপ্তদের সাথে যুক্ত হয়ে থাকেন, পরিত্রিতদের একটি সমাজ যাহাকে নতুন নিয়ম "মণ্ডলী" নামে অভিহিত করে। এই কারণে পৌল বলতে পেরেছিলেন যে, যীশু তাঁহার রক্তের দ্বারা মণ্ডলীকে ক্রয় করেছেন। "তোমরা আপনাদের বিষয়ে সাবধান, এবং পবিত্র আত্মা তোমাদিগকে অধ্যক্ষ করিয়া যাহাদের মধ্যে নিযুক্ত করিয়াছেন, সেই সমস্ত পালের বিষয়ে সাবধান হও, ঈশ্বরের সেই মণ্ডলীকে পালন কর, যাহাকে তিনি নিজ রক্ত দ্বারা ক্রয় করিয়াছেন" (প্রেরিত ২০:২৮)। ইহা পরিষ্কার, যে যীশু মণ্ডলীর জন্য ক্রুশে মৃত্যু বরণ করেছেন। পৌল বলেছেন, "খ্রীষ্টও মণ্ডলীকে প্রেম করিলেন, আর তাহার নিমিত্ত আপনাকে প্রদান করিলেন" (ইফি ৫:২৫)। যীশুর মৃত্যুর উদ্দেশ্য ছিল যেন তিনি

লোকদের “আহূত” করার ব্যবস্থা করতে পারেন যাহারা খ্রীষ্টের সাথে এই পৃথিবীতে সহভাগিতায় থাকবেন এবং যাহারা তাঁহার আধ্যাত্মিক কর্মের জন্য নিজেদের উজাড় করে দিবেন। পৌল তীতকে বলেছেন যে যীশু, “আমাদের নিমিত্তে আপনাকে প্রদান করিলেন, যেন মূল্য দিয়া আমাদিগকে সমস্ত অধর্ম হইতে মুক্ত করেন, এবং আপনার নিমিত্ত নিজস্ব প্রজাবর্গকে, সৎক্রিয়াতে উদ্যোগী প্রজাবর্গকে, শুচি করেন” (তীত ২:১৪)।

দক্ষিণ আর্কানসাসে সু-সমাচার প্রচার শেষ হলে, প্রচারকের কাছে এক বিশেষ ধরনের মর্মস্পর্শী কাহিনী নিয়ে একজন ভদ্র মহিলা আসলেন। তিনি ডালাস টেক্সাসে থাকাকালীন সময়ে তাহার চার বছর বয়সের একটি ঘটনা বললেন। ঐ সময়ে তাহার পরিবার একটি ব্যস্ত রাস্তার কাছে বাস করতেন এবং তাহাদের ছোট উঠানটি ঘরের বাহিরে ছোটদের লেখার জন্য ব্যবহার করা হত। এক দিন বিকালে, সে এবং প্রতিবেশী অন্যান্য শিশুরা উঠানে বল খেলতে ছিল। তাহার হাত থেকে বলটি ছিটকে গিয়ে সেই প্রধান সড়কে চলে গেল। কোন চিন্তা না করে, তিনি বলটির পিছনে ছুটে গেলেন। যখনই তিনি ঝুঁকে পড়ে বলটি তুলতে ছিলেন তখনই তিনি আতঙ্কে থমকে গেলেন একটি বিশাল ট্রাক তাহার দিকে আসতেছে দেখে। তাহার ভাই ঐ সময় মাত্র ৯ বছরের বালক। সে তার বোনকে রাস্তায় দৌড়ে যেতে দেখল। সে ট্রাকটিকেও দেখল এবং বিদ্যুৎ গতিতে বোনের দিকে ছুটে গেল, এই প্রত্যাশায় যেন, সে তাকে নিরাপদে ফিরিয়ে আনতে পারে। সে ট্রাকের সামনে দৌড়ে গেল এবং তাহাকে সজোরে ধাক্কা দিয়ে পথ থেকে সরিয়ে দিল, নিজের যুব প্রাণের ঝুঁকি নিয়ে তাহাকে নিশ্চিত মৃত্যু হতে রক্ষা করল। ঐ সংক্ষিপ্ত সময় বালকটির ছোট বোনটিকে বাঁচানোর জন্য যথেষ্ট ছিল, কিন্তু তাহার নিজের জীবনকে বাঁচানোর জন্য যথেষ্ট নয়। ট্রাকটি তাহাকে ধাক্কা দিয়ে চলে গেল এবং সাথে সাথে তাহার মৃত্যু হল।

ভদ্র মহিলা বলেছিলেন যে, মর্মান্তিক ঘটনার সবকিছু সম্পূর্ণ ভাবে তাহার মনে নেই, তবে মনে আছে কিভাবে ভাইয়ের মৃত দেহ রাস্তা হতে তুলে এনে ঘরের বারান্দায় রাখা হয়েছিল এ্যাম্বুলেন্স আসা

পর্যন্ত, যেন দেহটা তুলে নিয়ে যেতে পারে। তিনি বলেছিলেন গভীর অর্থবহুল অর্থে এবং কৃতজ্ঞতায়, "আমার ভাই আমার জন্য মারা গিয়েছে।" তিনি একজন বিশ্বস্ত খ্রীষ্টিয়ান, কিন্তু আজকে তাহার জীবন এবং মণ্ডলীর প্রতি সেবার সুযোগ সৃষ্টি হয়েছিল তাহার ভাইয়ের জীবন উৎসর্গের মাধ্যমে, যাহা বহু বছর পূর্বে শুরু হয়েছিল।

একই কিন্তু আরও গভীর ভাবে, মণ্ডলী জীবন প্রাপ্ত হয়েছিল যীশুর বলি উৎসর্গের মাধ্যমে। তাঁহার মৃত্যু শুধু মাত্র আমাদের জীবনের পথে প্রবেশ করার সুযোগ করেনি, কিন্তু ধারাবাহিক জীবনের ব্যবস্থা করেছে; তাঁহার মৃত্যু হল আমাদের পুনর্মিলনের জন্য বলি এবং পূর্ব পাপের ক্ষমার একমাত্র পথ। যীশু এই পৃথিবীতে এসেছিলেন, ঈশ্বর মানব হয়ে আমাদের মধ্যে চলাফেরা করেছেন এবং তাঁহার মৃত্যুর দ্বারা তিনি নিজে ক্রয় করলেন "একদল লোকদেরকে ঈশ্বরের নিজস্ব প্রজাবৃন্দ হিসেবে" (১পিতর ২:৯)। মণ্ডলী ইট বালুর তৈরি গৃহ নয়; ইহা হল লোক যাহারা প্রভু যীশুর রক্ত দ্বারা ক্রয়কৃত হয়েছে।

আমরা তিন ভাবে যীশুর বলি উৎসর্গের জন্য প্রতিক্রিয়া ব্যক্ত করতে পারিঃ প্রথমত, খ্রীষ্টের জন্য আমাদের প্রতিক্রিয়া ব্যক্ত করতে পারি খ্রীষ্ট যাহা করেছিলেন তাঁহার প্রতি কৃতজ্ঞতা দেখিয়ে ক্রুশকে গ্রহণ করে। কৃতজ্ঞতার সাথে পরিত্রাতা খ্রীষ্টের কৃপা দানের জন্য আনন্দ করে। খ্রীষ্ট ছিলেন স্বর্গীয় গৌরবে; তবুও আমাদের জন্য তিনি মানব হলেন এবং দরিদ্র বেশে জন্ম নিলেন যেন তাঁহার দারিদ্রতায় আমরা আধ্যাত্মিক ভাবে ধনী হতে পারি (২করি ৮:৯)। দ্বিতীয়ত, আমাদেরকে তাঁহার মৃত্যুর সুযোগ গ্রহণ করে প্রতিক্রিয়া ব্যক্ত করতে হবে। সত্যিকার কৃতজ্ঞতা সঠিক গ্রহণের পরিচালনা করে। খ্রীষ্ট বিশ্বাসে ও বাধ্যতায়, আমরা আমাদের জীবনে তাঁহার মৃত্যুর উপকার গ্রহণ করতে পারি (রোমীয় ৬:১-৪)। তিনি সকলের জন্য মৃত্যুবরণ করেছিলেন (ইব্রীয় ২:৯), কিন্তু যাহারা তাঁহাকে মান্য করেন তাহারা তাঁহার মৃত্যুর উপকার গ্রহণ করতে পারবেন (ইব্রীয় ৫:৮,৯)। তৃতীয়ত, প্রচুর সেবা কর্মের মাধ্যমে

আমরা তাঁহার বলি উৎসর্গের প্রতি প্রতিক্রিয়া ব্যক্ত করতে পারি (১করি ১৫:৫৮)। আমরা আপাদমস্তক খ্রীষ্টের জন্য– দেহ, অন্তর এবং আত্মা (১করি ৬:১৯,২০)। এই পৃথিবীতে এখন আমাদের কর্ম হল তিনি যে সেবা কার্য্য পরিকল্পনা এবং পরিচালনা করেছেন তাহা করা এবং তাহাতেই আনন্দিত হওয়া।

## ইহার দ্বারা পরিষ্কৃত হওয়া

দ্বিতীয়ত, মণ্ডলীকে ক্রুশ সর্বদা পরিষ্কৃত করে। ইহার "শুদ্ধকারী শক্তি" প্রতিনিয়ত ঈশ্বরের লোকদের প্রতি এবং দ্বারা প্রবাহিত হয়। আমাদের দেহের রক্ত যেমন নিশ্চিত ভাবে আমাদের মধ্যে প্রবাহিত হয়, আমাদের রক্ষা ও পরিচালনা করে, যীশুর অমূল্য রক্ত তাঁহার লোকদের মধ্যে চলমান শক্তি যুগিয়ে জীবন রক্ষা করতেছে।

আমাদের শুধু মাত্র পরিত্রিত হতে হবে তাই না বরং আমাদের অবশ্যই পরিত্রিত থাকতে হবে। প্রতিবারই মণ্ডলী বৃদ্ধি পায় যখন একজন পাপী, খ্রীষ্টের সু–সমাচারের বাধ্যতায়, তাঁহার রক্তে ধৌত হয়ে এবং ঐশ্বরিক কৃপায় খ্রীষ্টেতে অবস্থান করে। প্রতিনিয়ত আলোতে চলার জন্য একজন খ্রীষ্টিয়ান প্রতিনিয়ত রক্ত দ্বারা শুচি হয়। যোহন লিখেছিলেন, "কিন্তু তিনি যেমন জ্যোতিতে আছেন, আমরাও যদি তেমনি জ্যোতিতে চলি, তবে পরস্পর আমাদের সহভাগিতা আছে, এবং তাঁহার পুত্র যীশুর রক্ত আমাদিগকে সমস্ত পাপ হইতে শুচি করে" (১যোহন ১:৭)। যোহন গ্রীক ভাষায় চলমান বর্তমান কাল হিসেবে "শুচি করে" ব্যবহার করেছেন, ধৌত হওয়া, যাহা তাৎক্ষনিক ধারাবাহিক চলমান বর্তমান ঘটনা।

একজন খ্রীষ্টিয়ান সম্পূর্ণভাবে বিশুদ্ধ লোক নয়, যদিও তিনি পাপ বিহীন থাকতে এবং প্রতিদিন খ্রীষ্টে বৃদ্ধি পেতে চেষ্টা করেন। তিনি ভুল বিহীন নয় কিন্তু তাহাকে অনিন্দনীয় হতে হবে। পাপীর জীবনে পাপের উপস্থিতিই খ্রীষ্টের রক্ত দ্বারা পরিত্রাণ প্রয়োজন হয়ে পড়ে, এবং সাধুবর্গের জীবনে পাপের উপস্থিতি খ্রীষ্টের রক্ত দ্বারা পরিত্রিত রাখার প্রয়োজনীয়তা সৃষ্টি করে। এই পৃথিবীতে আমরা

কখনই ক্ষমার প্রয়োজনীয়তার শেষ পর্যায় পৌঁছাতে পারব না।

শিশুদের সাইকেল চালানো শিখতে দেখা বেশ মজার ঘটনা। সে এই নতুন কৌশল আয়ত্ত করতে দুইটি প্রধান সমস্যার সম্মুখীন হয়। সাইকেলকে দাঁড় করানো এবং দাঁড় করিয়ে রাখা। সাইকেল চড়ার মত পরিত্রাণেরও দুটি পদক্ষেপ আছেঃ প্রথমে পাপীকে ঈশ্বরের সাক্ষাতে অবশ্যই সঠিক করতে হবে এবং পরে তাহাকে অবশ্যই ঈশ্বরের সাক্ষাতে সঠিক থাকতে হবে। সঠিক পথে থাকা হল অপরিহার্য, কিন্তু ইহা শুধু মাত্র আরম্ভ। একই সমস্যা যাহা তাহাকে প্রথমে পাপী তৈরি করেছিল– তাহার জীবনে পাপের দাগ– সেই একই সমস্যা তাহাকে খ্রীষ্টিয়ান হবার পরে দোষারোপ করতে পারবে, যদি সে প্রতিনিয়ত শুচি না থাকে (প্রেরিত ৮:২২)। যদি খ্রীষ্টিয়ান হবার পূর্বে তাহার পাপের জন্য উদ্ধারের প্রয়োজন হয়, তবে খ্রীষ্টিয়ান হবার পরে যদি সে কোন প্রকার পাপ করে তবে তাকে কি তাহা থেকে উদ্ধারের প্রয়োজন হবে না?

খ্রীষ্টিয়ান তত সময় পরিত্রিত থাকে যতক্ষণ "সে আলোতে চলে।" প্রেরিত যোহন অনুসারে, আলোতে চলায় দুটি আধ্যাত্মিক চরিত্র যুক্ত আছে। এর আরম্ভ হয় পরিত্রাণের জন্য যীশুকে বিশ্বাস করার মাধ্যমে "আর তিনিই আমাদের পাপার্থক প্রায়শ্চিত্ত, কেবল আমাদের নয়, কিন্তু সমস্ত জগতেরও পাপার্থক" (১যোহন ২:২)। অবশ্যই, আমরা পরিত্রাণ অর্জন করতে পারি না (ইফি ২:৮,৯)। যীশু বলেছেন, যদি আমরা বিশ্বাসে ও বাধ্যতায় তাঁহার প্রতি আকৃষ্ট হই, তিনি আমাদের উদ্ধার করবেন। তিনি যাহা করবেন বলেছেন আমাদের তাহা বিশ্বাস করতে হবে যে তিনি তাহা করবেন। আমরা বিশ্বাস দ্বারা চলি, বাহ্য দৃষ্টি দ্বারা নয় (২করি ৫:৭)।

আলোতে চলার জন্য তাঁহার ইচ্ছাকে সততার সাথে পালন করা প্রয়োজন হয়। যোহন লিখেছেন, "কেননা ঈশ্বরের প্রতি প্রেম এই, যেন আমরা তাঁহার আজ্ঞা সকল পালন করি; ..." (১যোহন ৫:৩); "যে ব্যক্তি বলে, আমি তাঁহাকে জানি, তথাপি তাঁহার আজ্ঞা সকল পালন না করে, সে মিথ্যাবাদী এবং তাহার অন্তরে সত্য নাই। কিন্তু যে তাঁহার বাক্য পালন করে, তাহার অন্তরে সত্যই ঈশ্বরের প্রেম সিদ্ধ হইয়াছে" (১যোহন ২:৪-৫এ)।

আলোতে চলা অর্থ হল আমাদের পাপকে স্বীকার করা (১যোহন ১:৮,১০), ঈশ্বরের সাক্ষাতে আমাদের পাপকে চিনতে পারা (১যোহন ১:৯) এবং আমাদের সাধ্যানুযায়ী পাপকে পরিত্যাগ করা (১যোহন ২:২৯)। এর অর্থ হল তিনি যেভাবে ছিলেন আমাদের তেমন চলতে হবে (১যোহন ২:৬) এবং সততার সাথে ঈশ্বরের প্রকাশিত তাঁহার নিঃশ্বসিত বাক্য অনুসরণ করা (২তীম ৩:১৬)।

## ইহার দ্বারা বাধ্য রাখে

তৃতীয়ত, ক্রুশ মণ্ডলীকে উন্মুক্ত করতে বাধ্য করে। যেভাবে খ্রীষ্ট আমাদের চাহেন সেই ভাবে হতে এবং যে কর্ম তিনি আমাদের মধ্যে দেখতে চান সেই কর্ম করতে উহা মণ্ডলীর হৃদয়ে আধ্যাত্মিকতা সঞ্চারণ করে।

খ্রীষ্টিয়ানদের ধারাবাহিক পাপ মোচন এবং ব্যক্তিগত শক্তির প্রয়োজন আছে। খ্রীষ্টিয়ানত্ব বহু মহানুভব প্রেরণা যোগায়; ঈশ্বরের কৃপা হল সর্বোচ্চ এবং সবচেয়ে চিরস্থায়ী। ক্রুশ খ্রীষ্টিয়ানদের জীবন নিয়ন্ত্রণ করে। যীশু বলেছেন, "আর আমি ভূতল হইতে উচ্চীকৃত হইলে সকলকে আমার নিকটে আকর্ষণ করিব" (যোহন ১২:৩২)। পৌল লিখেছিলেন, "কারণ খ্রীষ্টের প্রেম আমাদিগকে বশে রাখিয়া চালাইতেছে; কেননা আমরা এইরূপ বিচার করিয়াছি যে, এক জন সকলের জন্য মরিলেন, সুতরাং সকলেই মরিল; আর তিনি সকলের জন্য মরিলেন, যেন, যাহারা জীবিত আছে, তাহারা আর আপনাদের উদ্দেশে নয়, কিন্তু তাঁহারই উদ্দেশে জীবন ধারণ করে, যিনি তাহাদের জন্য মরিয়াছিলেন, ও উত্থাপিত হইলেন" (২করি ৫:১৪,১৫)।

ক্রুশ ঈশ্বরের প্রতি এবং একে অপরের জন্য মহান প্রেমের দ্বারা পরিপূর্ণ রাখে। যোহন লিখেছিলেন, "আমরা প্রেম করি, কারণ তিনিই প্রথমে আমাদিগকে প্রেম করিয়াছেন" (১যোহন ৪:১৯)। যেমন খ্রীষ্টিয়ানগন তাঁহার লোকদের জন্য তাঁহার প্রেমের ধ্যান করে, তেমনি তাহারা তাঁহার প্রেমের কাছে আরও অধিক ভাবে জড়িত হয়। যোহন আরও বলেছেন, "তিনি আমাদের নিমিত্তে আপন প্রাণ দিলেন, ইহাতে আমরা প্রেম জ্ঞাত হইয়াছি; এবং আমরাও ভ্রাতাদের নিমিত্ত আপন আপন প্রাণ দিতে বাধ্য" (১যোহন ৩:১৬)। যীশুর

জীবন যত জানা যায় ততই তাঁহার প্রেমের নতুন এবং উল্লেখযোগ্য চিত্র পাওয়া যায়। এই চিত্র সম্পর্কে চিন্তা খ্রীষ্টিয়ানদের যীশুর প্রতি একই ধরনের প্রেম দান এবং একে অপরের প্রতিও প্রেম দান করেঃ "কিন্তু আমরা সকলে অনাবৃত মুখে প্রভুর তেজ দর্পণের ন্যায় প্রতিফলিত করিতে করিতে তেজ হইতে তেজ পর্যন্ত যেমন প্রভু হইতে, আত্মা হইতে হইয়া থাকে, তেমনি সেই মূর্তিতে স্বরূপান্তরীকৃত হইতেছি" (২করি ৩:১৮)।

ক্রুশ খ্রীষ্টিয়ানদের পাপের প্রতি ঘৃণা এবং অবজ্ঞাকে সঠিক করে দেয়। পাপের মন্দতা এবং ধ্বংসাত্মক দিক সম্পর্কে দুইটি শক্তিশালী সাক্ষ্য হল, কালভেরীর ক্রুশ এবং চিরস্থায়ী বিনাশের অগাধ-লোক বা তলা বিহীন কূপ। যে কেহ ক্রুশের কারণ এবং নরকের অপরিহার্যতা জানেন তাহারা বলতে পারবেন না যে, পাপে কোন প্রকার উৎকর্ষতা আছে। ঈশ্বরের সন্তানেরা ভুলতে পারে না যে তাহার পাপের ক্ষমা ক্রয় করা হয়েছিল যিরূশালেমের বাহিরে ঈশ্বরের পুত্রের যন্ত্রণাদায়ক মৃত্যুর মাধ্যমে। সর্বশক্তিমান ঈশ্বর পাপের জন্য ক্ষতি পূরণ দিতে পারতেন একমাত্র তাঁহার পুত্রের উৎসর্গ বলির মাধ্যমে। এই বহু মূল্যবান ঘটনাই প্রত্যেক কাণ্ডজ্ঞান সম্পন্ন ব্যক্তিকে বাধ্য করে পাপকে ঘৃণা করতে এবং বর্জন করাতে।

ক্রুশ খ্রীষ্টিয়ানদেরকে খ্রীষ্টিয় মিশনে আত্মদানে বাধ্য করায়। ইহা ঈশ্বরকে সেবার জন্য এবং অন্য লোকদেরকে সাহায্য করার জন্য কারণ ও শক্তি যোগান দান করে। পৌল লিখেছিলেন, "গ্রীক ও যাহারা গ্রীক নয়, বিজ্ঞ ও অজ্ঞ সকলের কাছে আমি ঋণী" (রোমীয় ১:১৪)। তিনি অবশ্য বলেছেন, "কিন্তু আমি যাহা আছি, ঈশ্বরের অনুগ্রহেই আছি; এবং আমার প্রতি প্রদত্ত তাঁহার অনুগ্রহ নিরর্থক হয় নাই, বরং তাঁহাদের সকলের অপেক্ষা আমি অধিক পরিশ্রম করিয়াছি; আমি করিয়াছি, তাহা নয়, কিন্তু আমার সহবর্তী ঈশ্বরের অনুগ্রহই করিয়াছে" (১করি ১৫:১০)। তাহার মত অন্য কেহ খ্রীষ্টের কর্ম করতে এমনভাবে উদ্ধত হবে না যিনি বুঝতে পারেন, এবং কৃতজ্ঞ থাকেন যে ঈশ্বর তাহার জন্য ক্রুশে কি করেছেন।

খ্রীষ্টিয় মণ্ডলী সম্পূর্ণ ভাবে তাহার প্রভুর আজ্ঞা সতর্কতার সাথে পালন করে। সে তাঁহার ইচ্ছা পূরণ করে এবং তাঁহার পরিকল্পনা

সম্পন্ন করে কিন্তু সে কখনই তাহার বাধ্য জীবনকে বোঝা হিসেবে দেখে না, তাঁহার কৃপার জন্য প্রেমের দমনীয় শক্তি এবং আভ্যন্তরীণ বিশুদ্ধতার কারণে। "কেননা ঈশ্বরের প্রতি প্রেম এই, যেন আমরা তাঁহার আজ্ঞা সকল পালন করি; আর তাঁহার আজ্ঞা সকল দুর্বহ নয়" (১যোহন ৫:৩)।

খ্রীষ্ট যাহা আপনার জন্য করেছেন তাহা মনে রাখুন, যে উৎসর্গ আপনার জন্য তিনি করেছেন প্রতিনিয়ত তাহা স্মরণের মাধ্যমে। তাঁহার এই পরিত্রাণের দান সম্পর্কে সতর্ক চিন্তাই প্রতিনিয়ত তাঁহার প্রতিকৃতিতে আপনাকে পরিবর্তন করে দিতে পারে; এবং আপনাকে তাঁহার কৃপার রাজ্যে প্রেমের জন্য পরিশ্রম করতে উদ্বুদ্ধ করতে পারে।

# উপসংহার

ঈশ্বরের নকশায়, মণ্ডলী এবং ক্রুশ একই সুতায় বাঁধা রয়েছে। মণ্ডলী সৃষ্টি হয়েছে, শুদ্ধ হয়েছে এবং ক্রুশ দ্বারা জোরালো সাক্ষ্য প্রাপ্ত হয়েছে।

ক্রুশের যন্ত্রণার মধ্যে যীশুকে অপমান পূর্বক দুইটি প্রশ্ন করা হয়েছিল দুষ্ট জনতার মধ্য থেকে, তা হল, "কেন তিনি নিজেকে রক্ষা করতেছেন না?" এবং "কেন ঈশ্বর তাঁহাকে রক্ষা করতেছেন না?" (মথি ২৭:৩৯–৪৩ দেখুন।) জনতা খুবই অল্প করে বুঝতে পেরেছিলেন যে তাহারা ঈশ্বরের উদ্দেশ্যের আসল ভিত্তিতে আঘাত করেছেন। যদি যীশু নিজেকে রক্ষা করতেন অথবা ঈশ্বর যদি তাঁহার ক্রুশীয় মৃত্যু হতে তাঁহাকে রক্ষা করতেন, তবে মণ্ডলীর জীবন্ত থাকা সম্ভব হত না; কারণ মণ্ডলী তাহাদের দ্বারা তৈরি হয়েছিল যাহাদের পূর্ব পাপ ক্ষমা করা হয়েছে এবং প্রতিনিয়ত ক্রুশের দ্বারা পরিষ্কৃত এবং বিশুদ্ধকৃত হইতেছে। ক্রুশ বিহীন মণ্ডলী হবে প্রাণহীন চলমান, যেহেতু মণ্ডলী ক্রুশ দ্বারা বাধ্য করে প্রমাণিত ঈশ্বরের লোক হওয়ার জন্য এবং ঈশ্বরের পথে ঈশ্বরের কর্ম করার জন্য।

যদি আপনি খ্রীষ্ট মণ্ডলীর বাহিরে থেকে থাকেন, দ্রুত ইহাতে

প্রবেশ করুন, কারণ মণ্ডলীতে প্রবেশ করে, আপনি ক্রুশের সমস্ত সুবিধা গুলি পেতে পারেন। মণ্ডলী একদল লোক দ্বারা তৈরি এর অধিক কিছু নয়, যাহারা খ্রীষ্টের রক্ত দ্বারা উদ্ধার পেয়েছেন এবং ঈশ্বরের সন্তান হিসেবে জীবন যাপন করতেছেন।

প্রত্যেক ব্যক্তি এই পৃথিবীতে ঈশ্বরের উদার দানে পরিবেষ্টিত আছেন। তিনি নিশ্বাসের জন্য বায়ু, পানের জন্য জল, বসবাসের জন্য ভূমি, আনন্দের জন্য পারিবারিক সম্পর্ক এবং অন্যান্য ভাবে অসীম দান দিতেছেন। ঈশ্বরের দয়ার কথা উল্লেখ করতে গেলে কেহ সবকিছু উল্লেখ করতে পারবে না। বিনা দ্বিধায়, সবচেয়ে প্রধান কৃপার দান তিনি করেছেন খ্রীষ্টের মাধ্যমে আমাদের পরিত্রাণের ব্যবস্থা করে। উহার জন্য ঈশ্বরকে চরম মূল্য দিতে হয়েছে এবং যাহারা উহাকে গ্রহণ করবে ইহা তাহাদের জন্য অধিক লভ্যাংশ প্রদান করে।

অনেকেই ঈশ্বরের দয়ার হাত দেখেছেন জাগতিক আশীর্বাদের দানে যাহা তিনি তাহাদের দিয়েছিলেন, কিন্তু তাহারা তাঁহার পরিত্রাণ গ্রহণ করে নাই। উহা কি আপনার ক্ষেত্রেও সত্য? খ্রীষ্টে বিশ্বাসের মাধ্যমে (রোমীয় ১০:১০), পাপের জন্য মনপরিবর্তনে (প্রেরিত ১১:১৮), যীশুকে ঈশ্বরের পুত্র হিসেবে গ্রহণ করে (রোমীয় ১০:১০), এবং খ্রীষ্টে বাপ্তিস্ম নিয়ে (গালা ৩:২৭), আপনি খ্রীষ্টের দেহে প্রবেশ করতে পারেন (১করি ১২:১৩), কৃপার স্থান এবং তাঁহার অনন্তকালীন জীবন গ্রহণ করে। পৌল বলেছেন, “তোমরা কি জান না যে, আমরা যত লোক খ্রীষ্টের উদ্দেশে বাপ্তাইজিত হইয়াছি, সকলে তাঁহার মৃত্যুর উদ্দেশে বাপ্তাইজিত হইয়াছি?” (রোমীয় ৬:৩); “যাহাতে আমরা তাঁহার রক্ত দ্বারা মুক্তি, অর্থাৎ অপরাধ সকলের মোচন পাইয়াছি; ইহা তাঁহার সেই অনুগ্রহ-ধন অনুসারে হইয়াছে, যাহা তিনি সমস্ত জ্ঞানে ও বুদ্ধিতে আমাদের প্রতি উপচিয়া পড়িতে দিয়াছেন” (ইফি ১:৭,৮এ)।

যীশু, তাঁহার ক্রুশের মাধ্যমে আপনাকে পাপ ক্ষমার এবং জীবনে আহবান করতেছেন যাহা তাঁহার দেহ রূপ মণ্ডলী প্রস্তুত করে। আপনি কি তাঁহার আহবান গ্রহণ করবেন?

# অধ্যয়ন সহায়ক প্রশ্নাবলী

(উত্তর পাওয়া যাবে 282 পৃষ্ঠায়)

১। বাইবেল ঘটনাবলীর কেন্দ্রে কোন কাহিনীটি আছে?

২। খ্রীষ্টিয়ানত্বের কেন্দ্র বিন্দুতে এমন কি আছে যাহা অন্য কোন ধর্মে নেই?

৩। ব্যাখ্যা করুন কেন মণ্ডলী-বিহীন খ্রীষ্টিয়ানত্ব হতে পারে না?

৪। মণ্ডলীর জন্য কোন তিনটি বিষয় ক্রুশ সম্পন্ন করেছে?

৫। জাগতিক আশীর্বাদের মাধ্যমে অনেকেই ঈশ্বরের হাত দেখতে পেয়েছেন কিন্তু তাঁহার পরিত্রাণের দান গ্রহণ করেন নাই। আপনি কিভাবে খ্রীষ্টের দেহে প্রবেশ করতে পারেন?

৬। যীশু, তাঁহার ক্রুশ দ্বারা কোন দুটি আশীর্বাদ গ্রহণ করতে আহ্বান করতেছেন?

৭। যীশুর দেহ তৈরি হয় তখন, যখন কেহ পাপ ক্ষমা এবং জীবন গ্রহণের জন্য তাঁহার কাছে আসে। ঐ সৃষ্ট দেহকে কি বলা হয়?

# বাক্য সহায়ক শব্দাবলী

**মণ্ডলীর মস্তকঃ** যীশু খ্রীষ্ট (ইফি ১:২২,২৩)।

**ক্রয় করাঃ** মূল্য দিয়ে পাওয়া। যখন আমরা বলি যে খ্রীষ্টিয়ানগন, "খ্রীষ্টের রক্ত দ্বারা ক্রীত" হয়েছে ইহা আমাদের পাপের জন্য ক্রুশে যীশুর মৃত্যুকে বুঝায়।

**পুনঃ মিলনঃ** একত্রিত হওয়া; ভাঙ্গা সম্পর্ক পুনঃ-স্থাপন। যীশু খ্রীষ্টের দ্বারা আমরা ঈশ্বরের সাথে পুনর্মিলিত হয়েছি।

**পবিত্রতাঃ** ঈশ্বরের বিশেষ উদ্দেশ্যে ব্যবহারের জন্য "আলাদা করে রাখা।"

**রূপান্তরিত হওয়াঃ** পরিবর্তিত হওয়া। যীশুর মত নতুন চরিত্র ধারণ করতে খ্রীষ্টিয়ানগনকে পরিবর্তন হতে হয়, রোমীয় ১২:২ পদে প্রেরিত পৌল বলেছেন, "আর এই যুগের অনুরূপ হইও না, কিন্তু মনের নূতনীকরণ দ্বারা স্বরূপান্তরিত হও; যেন তোমরা পরীক্ষা করিয়া জানিতে পার, ঈশ্বরের ইচ্ছা কি; যাহা উত্তম ও প্রীতিজনক ও সিদ্ধ।"